দৈনিক ইত্তেফাক

তারিখ 31 JAN 2017
পৃষ্ঠা ... কলাম ২

# রামগঞ্জে বিদ্যুৎবিহীন ৮২ প্রাথমিক বিদ্যালয়

## ডিজিটাল শিক্ষাবঞ্চিত ৩০ সহস্রাধিক শিক্ষার্থী

■ **জাকির হোসেন মোল্লান, রামগঞ্জ (লক্ষ্মীপুর) সংবাদদাতা**
লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায় ৮২টি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই। ফলে ওইসব বিদ্যালয়ের ৩০ সহস্রাধিক ছাত্রছাত্রী ডিজিটাল শিক্ষা থেকে বঞ্চিত। বিদ্যুৎ না থাকায় শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতিনিয়ত পোহাতে হচ্ছে নানা ভোগান্তি। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় ১৬১টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৭৯টি বিদ্যালয় বিদ্যুৎ সংযোগ থাকলেও গাজীপুর প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম শোশালিয়া প্রাথমিক বিদ্যালয়, উত্তর বল্লাবপুর প্রাথমিক বিদ্যালয়সহ ৮২টি বিদ্যালয় অদ্যবধি বিদ্যুৎ সংযোগ পায়নি। ফলে ওই সমস্ত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের গরমে কষ্ট পেতে হয়, পড়তে হয় নানা সমস্যায়। বিদ্যুৎ না থাকায় সরকারের প্রতিশ্রুত ডিজিটাল শিক্ষাব্যবস্থা থেকে তারা অনেক দূরে রয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের কোন কার্যকর উদ্যোগ না থাকায় আদৌ তারা বিদ্যুৎ সংযোগ পাবে কিনা এ নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন শিক্ষক ও অভিভাবকরা।

রামগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার মনিরুজ্জামান মোল্লা জানান, যে সমস্ত বিদ্যালয়ে এখনও বিদ্যুৎ সংযোগ পায়নি সরকারিভাবে ওই সমস্ত প্রতিষ্ঠানের তালিকা চাওয়া হয়েছে। আমরা ইতিমধ্যে তালিকা প্রেরণ করেছি। স্থানীয় এমপি ও বাংলাদেশ তরিকত ফেডারেশনের মহাসচিব লায়ন এম এ আউয়াল জানান, রামগঞ্জে ৮২টি প্রাথমিক বিদ্যালয়ে যে বিদ্যুৎ সংযোগ নেই, বিষয়টি কেউ আমাকে অবগত করেনি। এখন সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করে প্রতিটি বিদ্যালয় যেন দ্রুত বিদ্যুৎ সংযোগ পায় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আশা করছি খুব শীঘ্রই সকল প্রতিষ্ঠান বিদ্যুৎ সংযোগ পাবে।